

বিষয়: সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদে কর্মরত কর্মকর্তাগণের জ্যেষ্ঠতা নির্ধারণ।

সূত্র: ইউও নোট নং-০৫.০০.০০০০.১৩৮.১৮.০১৪.২২.৫১২, তারিখ: ২৪/০৮/২০২২ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদে কর্মরত কর্মকর্তাগণের জ্যেষ্ঠতা নির্ধারণের বিষয়ে নির্দেশক্রমে নিম্নরূপ তথ্য প্রদান করা হলোঃ

(ক) সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদটি ৯ম গ্রেডভুক্ত (পূর্বতন ১ম শ্রেণির প্রারম্ভিক পদ) বিধায় উক্ত পদে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগণের জ্যেষ্ঠতা তাদের পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে গণ্য করা হবে। “নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এর উপবিধি ১০(৩) অনুযায়ী পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদান ব্যতীত পদোন্নতি কার্যকর হবে না এবং পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে ঐ পদের বেতনস্কেলে বেতন নির্ধারিত হবে। সুতরাং একই তারিখে পদোন্নতি প্রাপ্ত কোন কর্মকর্তা পরে যোগদান করলে তার জ্যেষ্ঠতা যোগদানের তারিখ হতে নির্ধারিত হবে।

(খ) সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগণের মধ্যে যে সকল কর্মকর্তা নিজের ত্রুটির কারণে পরে পদোন্নতি প্রাপ্ত হলে “নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এর উপবিধি ৭ এর (৫) অনুযায়ী উক্ত কর্মকর্তার পরবর্তী পদোন্নতির ফিডার পদের চাকুরিকাল তার পদোন্নতিপ্রাপ্ত পদে নিয়মিত যোগদানের তারিখ হতে গণনাযোগ্য হবে এবং তাদের ফিডার পদের চাকুরিকাল মূল ব্যাচের পদোন্নতির তারিখ হইতে গণনাযোগ্য হবে না (পদ সংরক্ষণ করা হলে বা না হলে)।

(গ) “নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এর উপবিধি ৭(১)(ক) অনুযায়ী পদোন্নতিযোগ্য কোন কর্মকর্তা বা কর্মচারী যদি অসাবধানতাবশতঃ (imadvertently) প্রথমবারের বিবেচনা হতে বাদ পড়েন বা অতিক্রান্ত (Superseded) হন, তাহা হলে তিনি পরবর্তী পদে পদোন্নতির জন্য বিবেচিত হবেন এবং তাহার জ্যেষ্ঠতা মূল ব্যাচের সহিত সংরক্ষিত হবে। সুতরাং সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগণের মধ্যে যে সকল কর্মকর্তা কর্তৃপক্ষের ত্রুটির কারণে পরে পদোন্নতি প্রাপ্ত হন তাদের জ্যেষ্ঠতা “নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এর উপবিধি ৭(১)(ক) অনুযায়ী নির্ধারিত হবে (পদ সংরক্ষণ করা হলে বা না হলে)।

(ঘ) উল্লিখিত (খ) এবং (গ) অনুচ্ছেদে এ বিষয়ে উল্লেখ করা হয়েছে।


৮-৯-২০২২

উপসচিব
অভ্যন্তরীণ নিয়োগ শাখা
জনপ্রশাসন মন্ত্রণালয়

মাহফুজা আকতার
উপসচিব
ফোন: ৯৫৪০১৯৮

ইমেইল: Reg2@mopa.gov.bd

ইউ. ও. নোট নম্বর: ০৫.০০.০০০০.১৭১.০৪.০৪১.২২.১৬৪

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৯

০৮ সেপ্টেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) সিনিয়র সহকারী সচিব, বিধি-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

বেগম মাহফুজা আকতার
উপসচিব